



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০০৭.১৯.৪০১

তারিখ: ২০ পৌষ ১৪৩০

০৪ জানুয়ারি ২০২৪

বিষয়: বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান ২০২৪ এর মনোনয়ন আহ্বান

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২৪-২৭৮ সংখ্যক স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসনে কর্মরত কর্মচারীদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুসারে ১২টি ক্ষেত্রে জনপ্রশাসনে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ব্যক্তি/দল/প্রতিষ্ঠানকে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২৪ প্রদান করা হবে।

এমতাবস্থায়, আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে অনলাইনে [bpa.mopa.gov.bd](http://bpa.mopa.gov.bd) লিংক ব্যবহার করে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে আবেদন দাখিল এবং দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ২০২৩ সালের (জানুয়ারি-ডিসেম্বর) কর্মকাল বিবেচনাপূর্বক বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২৪ প্রদান করা হবে।

#### শর্তাবলি:

১। বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুসারে সংশ্লিষ্ট কমিটি/কর্তৃপক্ষের নিকট আবেদন অনলাইনে প্রেরণ করতে হবে। এ নীতিমালার ৮নং অনুচ্ছেদে বর্ণিত মনোনয়ন প্রেরণ ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। সংশোধিত নীতিমালা, আবেদনের ছক ও অনলাইন আবেদনের লিংক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) পাওয়া যাবে।

২। সরাসরি হার্ডকপিতে কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩। নীতিমালায় বর্ণিত আবেদনের ছক (সংযোজনী ক) যথাযথভাবে পূরণ করতে হবে এবং ছকে অবদানের বস্তুনিষ্ঠ বর্ণনা থাকতে হবে।

৪। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণাদি অনলাইনে সংযুক্ত করা যাবে। প্রয়োজ্য ক্ষেত্রে প্রকাশিত ভিডিও বা সংবাদের লিংক সংযোজন করা যাবে।

৫। জেলা, বিভাগ, মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালা অনুসারে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যাচাই-বাছাইপূর্বক অনুমোদিত কার্যবিবরণী (পিডিএফ ফরমেটে) নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত অনলাইন সিস্টেমে আপলোড করতে হবে।

৬। আবেদন বাছাই ও মনোনয়ন প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্ত: ১। জনপ্রশাসন পদক ২০২৪ এর মনোনয়ন সংক্রান্ত পত্র (5524/potrojariAttachmentRef/92465/0/199)

২। জনপ্রশাসন পদক নীতিমালা-২০২২ (সংশোধিত) (5527/potrojariAttachmentRef/92465/0/199)

৪-১-২০২৪

মো: আবদুর রহমান

উপসচিব

ফোন: ০২৫৫১০০৪৩৮

ফ্যাক্স: 9512220

বিতরণ :

১) কর্মকর্তা (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২) দপ্তর/সংস্থা প্রধানগণ

ইমেইল: [administration-1@mofl.gov.b](mailto:administration-1@mofl.gov.b)


স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০০৭.১৯.৪০১/১(২)

তারিখ: ২০ পৌষ ১৪৩০  
০৪ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



৪-১-২০২৪

মো: আবদুর রহমান

উপসচিব